



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

রেজিস্ট্রারের কার্যালয়

www.iau.edu.bd

বাড়ি নং-১২৪/৯০/৩, ব্লক-বি, সড়ক নং-০২, ওয়েস্ট ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১



স্মারক নং- ইআবি/রেজি:/প্রশা:/বিবিধ যোগাযোগ/২০২১/০০০২৭

তারিখ: ১৮ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
০১ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: অধ্যক্ষের শূন্য পদে দ্রুততম সময়ের মধ্যে অধ্যক্ষ নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত যে সকল ফাজিল ও কামিল মাদরাসায় ০১ (এক) বছরের অধিক ভারপ্রাপ্ত অধ্যক্ষ দায়িত্ব পালন করছেন, উক্ত মাদরাসাসমূহে অধ্যক্ষের পদ শূন্য থাকায় মাদরাসার প্রশাসনিক কার্যক্রম পরিচালনা, শিক্ষার্থীদের পড়ালেখা এবং মাদরাসার গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণ ও বাস্তবায়ন বিঘ্নিত হচ্ছে। এমতাবস্থায়, 'ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত বেসরকারি মাদরাসাসমূহের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণের চাকরির শর্তাবলি সংক্রান্ত প্রবিধান-২০২৩' (সংশোধিত) ১২ এর ক. ১. ধারা মোতাবেক সে সকল মাদরাসায় জরুরী ভিত্তিতে অধ্যক্ষ নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। বিধি অনুযায়ী ০১ (এক) বছরের মধ্যে অধ্যক্ষ নিয়োগদানে ব্যর্থ হলে প্রতিষ্ঠান প্রধানসহ গভর্নিং বডি'র বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

ভাইস চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে

০১/০২/২০২৪

(ড. মোহাম্মদ কামরুল ইসলাম)

রেজিস্ট্রার

মোবা: ০১৭০৫-৪০৮০০১

ই-মেইল- iauregistr@gmail.com

প্রাপক,

- সভাপতি, গভর্নিং বডি, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত ফাজিল ও কামিল মাদরাসাসমূহ।
- অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত ফাজিল ও কামিল মাদরাসাসমূহ।

স্মারক নং- ইআবি/রেজি:/প্রশা:/বিবিধ যোগাযোগ/২০২১/০০০২৭

তারিখ: ১৮ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
০১ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ট্রেজারার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- পরিদর্শক, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ভাইস-চ্যান্সেলর এর একান্ত সচিব (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- প্রো-ভাইস চ্যান্সেলর এর একান্ত সচিব (প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইআবি, ঢাকা।
- আইসিটি শাখা (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- অফিস নথি।

০১/০২/২০২৪
(ফাহাদ আহমদ মোমতাজী)
সহকারী রেজিস্ট্রার